

Ex/BANGLA/PG/2.3/2019

স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

বাংলা আত্মকথা ও প্রবন্ধ

কোর্স : পি.জি. - ২.৩

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. 'জীবনস্মৃতি' রবীন্দ্রনাথের 'কবি হয়ে ওঠা'র ইতিহাস। মন্তব্যটি ব্যাখ্যা
করো। ১০

অথবা

২. 'জীবনস্মৃতি'তে যেসব বিখ্যাত ব্যক্তিত্বের পরিচয় দিয়েছেন কবি, তাঁদের
মধ্যে অন্তত দুজনের সম্পর্কে অবশ্যই কবির অনুসরণে লেখো। ১০

৩. রাসসুন্দরীর 'আমার জীবন' নানা অর্থেই সমকালীন সাহিত্যে একটি
ব্যতিক্রমী ঘটনা। মন্তব্যটি বিচার করো। ১০

অথবা

৪. রাসসুন্দরীর 'আমার জীবন'-এ স্মৃতির ভূমিকা ঠিক অতীত উদ্ধার নয়,
বরং তার পুনর্নির্মাণ। মন্তব্যটি বিচার করো। ১০

৫. রবীন্দ্রসংগীত প্রবন্ধে ধূর্জটিপ্রসাদ রবীন্দ্রসংগীতের বৈশিষ্ট্যগুলি কীভাবে
পরিষ্ফুটিত করেছেন তা আলোচনা করো। রচনাটিকে কি আজও প্রাসঙ্গিক
বলে তোমার মনে হয়? ১০

(Turn over)

(2)

অথবা

৬. বাঙ্গালির সহস্রাব্দিক বৎসরের সংস্কৃতির ইতিহাসে গোপাল হালদার কীভাবে পর্ববিভাগ করেছেন? লেখকের অনুসরণে পর্বগুলির চারিত্র্যনির্দেশ করে একটি প্রবন্ধ রচনা করো। ১০

৭. ‘ভারতবর্ষীয়দিগের যে ইতিহাস নাই, তাহার বিশেষ কারণ আছে’। – বঙ্কিম এই কারণগুলিকে কীভাবে চিহ্নিত করেন? বাঙ্গালার ইতিহাসের উদ্ধার কেন তাঁর কাছে ‘নিতান্ত অসম্ভব নহে’ মনে হয়েছিল? আদতে পুস্তক সমালোচনা হলেও বাঙ্গালার ইতিহাস-এ বঙ্কিম কি কোনো নিজস্ব ইতিহাস প্রস্থান উপস্থিত করেছেন বলে তুমি মনে কর? আলোচনা কর। ১০

অথবা

৮. ‘স্ত্রী-পুরুষ এর পাশাপাশি হিন্দু মুসলমান পরিচিতিটিও কীভাবে বেগম রোকেয়া রচিত স্ত্রীজাতির অবনতি প্রবন্ধে ‘স্ত্রীজাতি নির্মণে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে, তা আলোচনা করো। ১০